মানসম্মত কর্মপদ্ধতি

Standard Operating Procedures

# কারখানার লেআউট প্ল্যান অনুমোদন

# APPROVAL OF FACTORY LAYOUT PLAN


কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

# কারখানার লেআউট প্ল্যান অনুমোদন প্রক্রিয়া[১]

## ১. কারখানা লেআউট প্ল্যান[২] অনুমোদনের আবেদন

১.১. কারখানা নির্মাণ বা সম্প্রসারণ অথবা কোনো ভবন বা আঙ্গিনাকে কারখানা হিসেবে ব্যবহার বা পরিবর্তন বা মেশিন স্থাপনের লক্ষ্যে ফ্যাক্টরি লেআউট প্ল্যানের অনুমোদন গ্রহণের জন্যে আবেদন করা হলে অধিদপ্তরের মহাপরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপমহাপরিদর্শক আইনানুগ বিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় দলিল ও তথ্যাদি যথাযথ পরীক্ষা করবেন।

১.২ প্রতিষ্ঠানটি নিজে অথবা অধীনস্থ সেইফটি শাখার কোন পরিদর্শকের মাধ্যমে সরেজমিনে পরিদর্শন করিয়ে নিরাপত্তা সংক্রান্ত বিষয়সমূহ নিশ্চিতপূর্বক দাখিলকৃত নকশার অনুমোদন প্রদান করবেন।

১.৩ সরেজমিন পরিদর্শন বা তদন্ত ব্যতীত এরুপ কোন অনুমোদন করা যাবে না (ধারা ৩১৯(৬) অনুসারে)।

১.৪ নকশা অনুমোদন সংক্রান্ত আবেদনের সাথে যে সকল প্রয়োজনীয় দলিল (ডকুমেন্টস) থাকবে:

ক) শ্রম বিধিমালায় নির্ধারিত ফরম-৭৬ অনুযায়ী আবেদন ফরম;

খ) সংযুক্তি হিসেবে সংক্ষিপ্ত বিবরণীসহ উৎপাদন প্রক্রিয়ার প্রবাহ তালিকা (Production Flow Chart);

গ) এমোনিয়া বা ব্লু প্রিন্টে অঙ্কিত ভবনের দু'কপি নকশা;

১.৫ নকশায় যা প্রদর্শিত হবে :

ক) কারখানার অবস্থান, প্রবেশ পথ ও নর্দমা ব্যবস্থাসহ চতুর্দিকের সীমানা;

খ) ভবনের উচ্চতা (Elevation) ও বিভিন্ন অংশের প্রস্থচ্ছেদ (Sectional elevation);

গ) আলো ও বায়ু চলাচল ব্যবস্থা;

ঘ) মেশিনসমূহের অবস্থান;

ঙ) খাবার কক্ষ, টয়লেট, ক্যান্টিন, শিশুকক্ষ, চিকিৎসা কেন্দ্র ইত্যাদির অবস্থান;

চ) অগ্নিকান্ডের ক্ষেত্রে বহির্গমন ও যাতায়াতের পথ পরিকল্পনা।

১.৬ আবেদনের সাথে (ফরম-৭৬) অন্যান্য যে সকল দলিল (ডকুমেন্টস) থাকবে:

ক) নির্মাণ সংক্রান্ত ডকুমেন্ট:

i. স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ভবনের নকশা;

ii. ভবনটি পাকা বা একাধিক তলাবিশিষ্ট হলে সরকার কর্তৃক নির্দিষ্ট কর্তৃপক্ষ (প্রকৌশলী বা প্রকৌশল সংস্থা) দ্বারা প্রণয়নকৃত ভবনের কাঠামোগত নকশা (Structural design) (প্রযোজ্য ক্ষেত্রে);

---

[1] আইনী ভিত্তি: ধারা- ৩২৬, বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এবং বিধি-৩৫৩, বালাদেশ শ্রম বিধিমালা-২০১৫

[২] ফ্যাক্টরি লে-আউট প্লান বলতে বুঝাবে- একটি অঙ্কন চিত্র যাতে থাকবে কারখানার অবস্থান এবং কারখানায় প্রবেশের রাস্তা ও ড্রেনসহ চতুর্দিকের সীমানা; উচ্চতা এবং বিভিন্ন ভবনের প্রয়োজনীয় অংকিত প্রস্থচ্ছেদ; স্বাভাবিক আলো ও বায়ু চলাচলের ব্যবস্থা; মেশিনসমূহ, খাবার কক্ষ, টয়লেট ইত্যাদির অবস্থান; এবং অগ্নিকান্ডের সময় বহির্গমন পথ ও যাতায়াতের পথ পরিকল্পনা ।

iii. ভবনস্থলের মাটির গুণগত পরীক্ষার রিপোর্ট (Soil test report) (প্রযোজ্য ক্ষেত্রে);

iv. স্বীকৃত প্রকৌশলী/প্রকৌশল সংস্থা কর্তৃক ভবনের লোড বেয়ারিং ক্যাপাসিটি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

v. স্বীকৃত প্রকৌশলী/প্রকৌশল সংস্থা কর্তৃক ভবন নির্মাণের উপযুক্ততা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

খ) অন্যান্য ডকুমেন্ট:

i. ট্রেড লাইসেন্সের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ii. ভাড়ার চুক্তি/ জমির খারিজের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

iii. জাতীয় পরিচয়পত্রের (মালিক/এমডি/সিইও/ব্যবস্থাপক) কপি;

iv. পরিদর্শন কর্তৃপক্ষের বিবেচনায় অন্যান্য তথ্যাবলী।

## ২. ফ্যাক্টরি লেআউট প্ল্যান অনুমোদন পদ্ধতি

২.১ আবেদনপত্র পাওয়ার পর দাপ্তরিক প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রশাসনিক নির্দেশনার আওতায় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্যে অধিদপ্তরের সেইফটি শাখার একজন পরিদর্শককে (প্রকৌশলী) দায়িত্ব অর্পণ করা হবে;

২.২ দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক আবেদনপত্রের তথ্যাদি যাচাই এবং নকশার চিত্রের সাথে বাস্তব অবস্থার সদৃশতা যাচাইয়ের জন্যে দায়িত্বপ্রাপ্তির ১-৩০ দিনের মধ্যে ঠিকানা অনুযায়ী প্রতিষ্ঠানটি সরজমিনে পরিদর্শন করবেন, তবে ওয়ান-স্টপ সার্ভিসের মাধ্যমে কোনো আবেদন পাওয়া গেলে সেটি অবশ্যই ১-১০ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে এবং অফিস প্রধানের নিকট প্রতিবেদন দাখিল করবেন। পরিদর্শন এবং নকশা যাচাইয়ে শ্রম আইন ও শ্রম বিধিমালার সংশ্লিষ্ট ধারা ও বিধি যথাযথ প্রয়োগ আবশ্যিকভাবে বিবেচনা করবেন;

২.৩ ইতিবাচক প্রতিবেদনের ভিত্তিতে উপমহাপরিদর্শক (অনুমোদনকারী কর্তৃপক্ষ) নকশা অনুমোদন করবেন। অথবা সংশোধনযোগ্য ত্রুটির ক্ষেত্রে সংশোধন সাপেক্ষে অনুমোদন প্রদান করবেন। অথবা শর্ত সাপেক্ষে অনুমোদন করতে পারবেন।

২.৪ ত্রুটিযুক্ত নকশা অনুমোদন না করে কারণ উল্লেখসহ আবেদনকারীকে ফেরত দেবেন।

২.৫ অনুমোদিত নকশায় যেকোনো ধরনের পরিবর্তন বা সংশোধনের জন্যে পুনঃ আবেদন করা হলে অনুমোদনকারী কর্তৃপক্ষ একই পদ্ধতি অনুসরণ করবেন।

২.৬ কোন কারণে আপীল করা হলে আত্মপক্ষ সমর্থনের জন্যে প্রয়োজনীয় কাগজপত্রাদি সরবরাহ করতে হবে।

## ৩. সংশোধন/সম্প্রসারণের জন্য লেআউট প্লান অনুমোদন প্রক্রিয়া

৩.১ কোনো কারখানার ভবন সম্প্রসারণের দরকার হলে কিংবা অনুমোদিত লেআউটে কোনো পরিবর্তন ঘটানো হলে তার জন্য অবশ্যই অধিদপ্তরের মহাপরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপমহাপরিদর্শকের নিকট হতে সম্প্রসারিত/সংশোধিত নকশার অনুমোদন গ্রহণ করতে হবে।

৩.২ কারখানা ভবন সম্প্রসারণ/সংশোধনের নকশার অনুমোদনের জন্য কারখানা কর্তৃপক্ষ বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এ প্রদত্ত ফরম-৭৬ অনুযায়ী সেখানে উল্লেখিত দলিলাদিসহ মহাপরিদর্শক কিংবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপ-মহাপরিদর্শক বরাবর আবেদন করবেন।

৩.৩ কারখানা ভবন সম্প্রসারণ/সংশোধনের নকশাসহ ফরম-৭৬ অনুযায়ী (অথবা অনলাইনে LIMA´র মাধ্যমে) প্রয়োজনীয় তথ্য পাওয়া গেলে শ্রম আইনের ধারা ৩২৬ এবং শ্রম বিধিমালা'র বিধি ৩৫৩ অনুসারে পরিদর্শনের মাধ্যমে নকশা যাচাই করে কারখানার লেআউট প্লান অনুমোদনের প্রক্রিয়া অনুসরণ করে সংশোধিত/সম্প্রসারণের জন্য প্রেরিত নকশা অনুমোদন করবেন।

৩.৪ মহাপরিদর্শকের লিখিত অনুমোদন ব্যতীত কোনো অনুমোদিত লেআউট প্ল্যানের কোনো রকম পরিবর্তন করা যাইবেনা। এরূপ কিছু পরিলক্ষিত হলে পরিদর্শক তাহা মহাপরিদর্শক কিংবা উপমহাপরিদর্শককে অবহিত করবেন এবং আইনানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪/১১/২০২০
মোঃ এজাজ আহমেদ জাবের
অতিরিক্ত মহাপরিদর্শক
(যুগ্ম সচিব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

০৪/১১/২০২০
মোঃ কামরুল হাসান
উপমহাপরিদর্শক (চঃ দাঃ)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা

ফরিদ [illegible]
যুগ্ম মহাপরিদর্শক (সেফটি)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

০৪/১১/২০২০
ডাঃ সৈয়দ আবুল এহসান
যুগ্ম মহাপরিদর্শক (চলতি দায়িত্ব)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

০৪.১১.২০২০
মোঃ সামছুল আলম খান
যুগ্ম-মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।

০৪/১১/২০২০
সাবিহা মুক্তা
উপ-মহাপরিদর্শক (চঃ দাঃ)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়
ঢাকা।

04/11/2020
মোঃ মেহেদী হাসান
উপ মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।

৪/১১/২০২০
মোঃ মতিউর রহমান
উপমহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

৪.১১.2020
ডা. মো. মোস্তাফিজুর রহমান
যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান কার্যালয়, ঢাকা।

৪/১১/২০২০
শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর